

১) একটি বাক্যে উত্তর দাও।

ক) বচন কাকে বলে?

উঃ যার দ্বারা কোনো কিছুর সংখ্যা নির্দেশ করা হয়, তাকে বচন বলে।

খ) বচন কয় প্রকার ও কী কী?

উঃ বচন দুই প্রকার - একবচন ও বহুবচন।

গ) একবচন কাকে বলে? উদাহরণ দাও।

উঃ কোনো কিছুর একটি সংখ্যা বোঝালে হয় একবচন।

উদাহরণ : একটি বই, ছেলেটি, দেশটি ইত্যাদি।

ঘ) বহুবচন কাকে বলে? উদাহরণ দাও।

উঃ কোনো কিছুর একের বেশি সংখ্যা বোঝালে বহুবচন হয়।

উদাহরণ : পাখিগুলি, অনেক লোক, বালকেরা ইত্যাদি।

ঙ) কোন্ কোন্ পদের বচন হয়?

উঃ বিশেষ্য ও সর্বনাম পদের বচন হয়।

২) বহুবচনের রূপ লেখ।

<u>একবচন</u>	<u>বহুবচন</u>
ক) ছাত্র	ছাত্রবৃন্দ
খ) গ্রাম	গ্রামগুলি
গ) একটি ছেলে	ছেলেরা
ঘ) পরিবার	পরিবার বর্গ
ঙ) মেঘ	মেঘরাজি

৩) নীচের মোটা অক্ষরে লেখা শব্দগুলি একবচন 'না' বহুবচন লেখ।

ক) রাম **বল** খেলছে।

উঃ **বল** - একবচন

খ) **গাছগুলো** হাওয়ায় দুলছে।

উঃ **গাছগুলো** - বহুবচন

গ) মিতা **বই** পড়ছে।

উঃ **বই** - একবচন

ঘ) পরশু দিন **আমাদের** পাড়ায় নাটক হবে।

উঃ **আমাদের** - বহুবচন

ঙ) **তুমি** কেমন আছো?

উঃ **তুমি** - একবচন

৪) টি, টা, রা, গুলি, দেব — এগুলি শব্দের শেষে যোগ করে পাঁচটি শব্দ তৈরী করো।

উঃ ক) মেয়েটি

খ) লোকটা

গ) শিশুরা

ঘ) পাখিগুলি

ঙ) আপনাদের

_____ x _____

Rita Das